



অধিদপ্তর-দপ্তর-সংস্থার নাম : বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

১. উদ্ভাবনের শিরোনাম : শিক্ষক নিবন্ধন সনদধারীদের সেবা সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজীকরণ।

২. বিবরণ :

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) প্রতিষ্ঠার পর হতে শিক্ষক নিবন্ধন সনদ ব্যতীত কেউ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে শিক্ষক পদে আবেদন করতে পারেন না। শিক্ষার মানোন্নয়নের জন্য ২০০৫ সাল থেকে এ পর্যন্ত ১৫টি শিক্ষক নিবন্ধন পরীক্ষার মাধ্যমে সর্বমোট ৬,৩৪,১২৭ জন প্রার্থী নিবন্ধিত হয়েছেন। এ সকল নিবন্ধিত প্রার্থীগণই NTRCA-এর সেবাগ্রহীতা।

এছাড়াও ৩০ ডিসেম্বর, ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক স্মারকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে অনুসরণীয় পদ্ধতি পরিপত্র অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে পদে অনলাইনে মেধারভিত্তিতে স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে শিক্ষক নিয়োগে সুপারিশকরণ কার্যক্রমটি অত্র প্রতিষ্ঠান সুচারুরূপে এবং সাফল্যের সাথে সম্পন্ন করে যাচ্ছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদের চাহিদারভিত্তিতে এনটিআরসিএ এ যাবৎ ৪৬০০৮ জন শিক্ষক হতে আগ্রহী প্রার্থী শিক্ষক নিবন্ধন সনদধারীদের তাদের পছন্দের ক্রমানুযায়ী ও সন্মিলিত জাতীয় মেধাতালিকার ভিত্তিতে অনলাইনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে।

প্রতিদিন গড়ে ৭০-১০০ জন নিবন্ধন সনদধারী এবং নিয়োগের সুপারিশপ্রাপ্ত শিক্ষকগণ সনদ সংশোধন, দ্বি-নকল সনদ এবং নিয়োগ সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য এনটিআরসিএ কার্যালয় পরিদর্শন করেন। এছাড়াও সেবা প্রার্থীগণ প্রতিদিন গড়ে ৮০-১০০টি আবেদন (হার্ড কপি) এবং ৫০-৬০টি আবেদন ই-মেইল যোগে এ অফিসে প্রেরণ করেন। এছাড়াও নিবন্ধন সনদধারীগণ সেবা সংক্রান্ত তথ্য জানার জন্য প্রতিদিন এনটিআরসিএ'র বিভিন্ন কর্মকর্তার ফোন নম্বরে বিক্ষিপ্তভাবে দৈনিক গড়ে ১৫০-২০০টি ফোন কল করে থাকেন। এতে করে সেবা প্রার্থীদের সময়, সাক্ষাতের সংখ্যা ও খরচ বৃদ্ধিসহ নানাবিধ ভোগান্তির সম্মুখীন হতে হয়। সেবা প্রত্যাশীগণের টিসিভি হ্রাস করার জন্য অর্থাৎ সেবা প্রাপ্তির সময়কাল, ভিজিটের সংখ্যা এবং ব্যয় হ্রাসের জন্য সেবা সংক্রান্ত তথ্য সরবরাহের সুবিধার্থে/নিশ্চিতকরণে সেবা গ্রহীতাদের জন্য একটি হট লাইন চালুর উদ্যোগ নেয়া হচ্ছে। উক্ত হটলাইনের নম্বরটি ওয়েবসাইটে এবং অফিস প্রাঙ্গণে সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রদর্শন করা থাকবে। যে কোন সেবা গ্রহীতা উক্ত নম্বরে অফিসকালীন সময়ে ফোন করে সেবা সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে পারবেন। কোন বিষয়ে পূর্বে আবেদন করা থাকলে আবেদনের সর্বশেষ তথ্য তাৎক্ষণিকভাবে তাকে জানানো হবে। এছাড়া আবেদনপত্রে কোন সংযুক্তি স্বল্পতা থাকলে তা তাকে জানিয়ে দেয়া হবে। এর ফলে সেবা গ্রহীতাদের দূর দূরান্ত থেকে এনটিআরসিএ অফিসে বার বার আসার প্রয়োজন হবে না। সামগ্রিকভাবে সেবা গ্রহণে ভোগান্তি অনেক হ্রাস পাবে। যিনি হট লাইনের নম্বরে ফোন কল রিসিভ করবেন, যদি তার নিকট পর্যাপ্ত তথ্য না থাকে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার (ডেস্ক অফিসার) সাথে পিএবিএক্স নম্বরে যোগাযোগ করে তথ্য সরবরাহ করবে। ভবিষ্যতে হট লাইনের নম্বরটি টোল ফ্রি করার পরিকল্পনা রয়েছে। আপাতত: ০২-৪১০৩০১৩০ ফোন নম্বরটি হট লাইন হিসেবে ব্যবহার করা হবে।

৫৫